সমকাল

তারিখ 13 JAN 2015
পৃষ্ঠা ২১ কলাম ৪

# ঢাবির সমাবর্তন ঘিরে উৎসবমুখর ক্যাম্পাস

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

চারদিকে সাজ সাজ রব। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোড়ে মোড়ে ব্যানার, ফেস্টুন আর প্ল্যাকার্ডে বর্ণিল আল্পনা। প্রতিটি ভবনে আলোকসজ্জা, আনন্দের আমেজ সমাবর্তনে আগতদের মধ্যে। সব মিলিয়ে আজকের সমাবর্তনকে ঘিরে উৎসবের আভা ছড়িয়েছে পুরো ক্যাম্পাসে। আজ দুপুর ১২টা থেকে বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষাকেন্দ্র মাঠে শুরু হবে সমাবর্তনের আনুষ্ঠানিকতা। সমাবর্তনকে ঘিরে গতকাল সোমবার বিকেলে ছিল মহড়া। মহড়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আনুষ্ঠানিকতা হলেও বন্ধু কিংবা সহপাঠীদের নিয়ে গতকাল পুরো দিনই আনন্দে মেতেছিলেন শিক্ষার্থীরা। সবাই ব্যস্ত ছিলেন প্রিয় ক্যাম্পাসকে ক্যামেরার ফ্রেমে বন্দি করতে। সমাবর্তনে সভাপতিত্ব করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এবারের সমাবর্তন বক্তৃতা করবেন জেনেভাভিত্তিক মেধাস্বত্ব সংগঠনের (ডব্লিউআইপিও) মহাপরিচালক ফ্রান্সিস গারি। তাকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মানজনক ডক্টর অব লজ ডিগ্রি প্রদান করা হবে। ৪৯তম সমাবর্তনে অনার্স, মাস্টার্স, পিএইচডি, এমফিল ও স্বর্ণপদকসহ মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছয় হাজার ১০৪ জন।